



"দেশ গড়তে জুলাই পদযাত্রা" কর্মসূচি ঘোষণা করলো এনসিপি



সংগৃহীত ছবি

সারাদেশে গণজাগরণ ও রাজনৈতিক সচেতনতা সৃষ্টির লক্ষ্যে ‘দেশ গড়তে জুলাই পদযাত্রা’ শিরোনামে মাসব্যাপী কর্মসূচি ঘোষণা করেছে জাতীয় নাগরিক পার্টি (এনসিপি)। আগামী ১ জুলাই থেকে শুরু হয়ে ৩০ জুলাই পর্যন্ত দেশের ৬৪টি জেলাতেই এ পদযাত্রা অনুষ্ঠিত হবে বলে জানিয়েছে দলটি।

আজ রোববার (২৯ জুন) রাজধানীর বাংলামোটরে দলটির অস্থায়ী কার্যালয়ে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এ ঘোষণা দেন এনসিপির আহ্বায়ক মো. নাহিদ ইসলাম।

সংবাদ সম্মেলনে জানানো হয়, এ পদযাত্রা কর্মসূচির মাধ্যমে জনগণকে রাজনৈতিক সচেতনতায় উদ্বুদ্ধ করা এবং নতুন নেতৃত্ব গড়ার উদ্যোগকে তৃণমূল পর্যায়ে ছড়িয়ে দেওয়ার চেষ্টা করা হবে। পাশাপাশি শ্রদ্ধা জানানো হবে মুক্তিযুদ্ধের শহীদদের প্রতি। কর্মসূচির সূচনা হবে শহীদ আবু সাঈদের কবর জিয়ারতের মধ্য দিয়ে।

নাহিদ ইসলাম বলেন, “রাজনীতিকে অপরাধমুক্ত করা এবং সাধারণ জনগণের কল্যাণে নতুন ধারার নেতৃত্ব গড়ে তোলাই আমাদের মূল লক্ষ্য। দেশের প্রতিটি জেলার মানুষকে সম্পৃক্ত করে একটি গণতান্ত্রিক শক্তি তৈরি করাই এনসিপির উদ্দেশ্য।”

সংগঠনের পক্ষ থেকে আরও জানানো হয়, প্রতিটি জেলায় স্থানীয় নেতাদের নেতৃত্বে পদযাত্রা অনুষ্ঠিত হবে এবং সামাজিক যোগাযোগমাধ্যমে এসব কর্মসূচির ছবি ও তথ্য নিয়মিত প্রকাশ করা হবে। এই পদক্ষেপকে কেন্দ্র করে তরুণদের যুক্ত করার আহ্বান জানানো হয়।

এই কর্মসূচিকে কেন্দ্র করে এনসিপি ইতোমধ্যেই মাঠপর্যায়ে প্রস্তুতি শুরু করেছে। দলটির নেতারা জানান, দেশের চলমান রাজনৈতিক হুবিরতা কাটিয়ে ওঠার জন্য বিকল্প শক্তি হিসেবে এনসিপি এগিয়ে আসতে চায়।